

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ধামইরহাট, নওগাঁ। তারিখ: ১৬ জুলাই ২০২৩ খ্রি.

ইনোভেশনের নাম: পাওয়ার টিলার অপারেটেড রিপার

প্রতিষ্ঠানের নাম: মেসার্স রহমানিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, আমাইতাড়া বাজার, ধামইরহাট, নওগাঁ

ইনোভেশনের লক্ষ্য ও উদ্দেশ্য: কৃষিতে যান্ত্রিকীকরণের সম্প্রসারণ এবং স্বল্প সময়ে স্বল্প ব্যয়ে ধান কর্তন।


ইনোভেশনের তাৎপর্য: একজন কৃষক তার পাওয়ার টিলারের অগ্রভাগে রিপার অংশটি লাগিয়েই সহজে নিজেই ধান দ্রুত কর্তন করতে পারবে।

ইনোভেশনের বিস্তারিত বিবরণ: পাওয়ার টিলার চালিত রিপার মেশিনটি ধান গাছের গোড়া থেকে (মাটি থেকে সর্বোচ্চ ২.৫-৩.০ ইঞ্চি উপর পর্যন্ত) ধান কর্তন করতে পারে। পাওয়ার টিলারের হাইড্রোলিক যন্ত্র দ্বারাই রিপার অংশটি নিয়ন্ত্রণ করা যায়। অন্যান্য রিপার মেশিনের তুলনায় রিপার অংশটির মূল্য প্রায় অর্ধেক যা কৃষকের দ্রুত ক্ষমতার মধ্যে। এই মেশিনটি ঘন্টায় প্রায় ০১ একর জমির ধান কাটতে পারে। ডিজেল চালিত পাওয়ার টিলার অপারেটেড রিপার মেশিনটিতে ঘন্টায় ১.৫ লিটার তেলের প্রয়োজন। ধান কাটার পর ধান ধান গাছগুলো মাটিতে সারি করে ফেলে দিয়ে থাকে। পরে ধান শুকালে আঁটি বেঁধে নিয়ে আসতে হবে। ধানের অপচয় ও শ্রমিক খরচ কম হয়।

ইনোভেশনের বাস্তবায়ন অগ্রগতি: ডিজেল চালিত পাওয়ার টিলার অপারেটেড রিপার মেশিনটি কাদা মাটিতেও যেন চলে সে লক্ষ্যে মেশিনটির প্রযুক্তি আপডেট করার প্রক্রিয়া চলছে।

ড. মো: মোকহেদ আলী, অতিরিক্ত বিভাগীয় কমিশনার(উন্নয়ন ও আইসিটি), রাজশাহী কর্তৃক নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ইনোভেশন কার্যক্রম দর্শন প্রতিবেদন।

পূর্ব নির্ধারিত সময়সূচী অনুযায়ী ১৬-০৭-২০২৩ খ্রি: তারিখ ০৩.০০ ঘটিকার সময় নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার কৃষি যন্ত্র উৎপাদন ইনোভেশন কার্যক্রম দর্শন করা হয়। দর্শনকাল জনাব মোঃ আরিফুল ইসলাম, উপজেলার নির্বাহী অফিসারসহ তার অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

  
(মোঃ তোফিক আল জুবায়ের)  
উপজেলা কৃষি অফিসার  
ধামইরহাট, নওগাঁ।